

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০২১.১৯.৩০৬


তারিখ: ১১ পৌষ ১৪২৬ ব.
২৬ ডিসেম্বর ২০১৯ খ্রি.

বিষয়: ‘আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স’ এ কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নন-ক্যাডার সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিবদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক কাজের মান উন্নয়নের লক্ষ্যে বিয়াম ফাউন্ডেশনে ‘আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স’ অনুষ্ঠিত হবে। কোর্সের মেয়াদ দুই সপ্তাহ যা আগামী ১৯ জানুয়ারি ২০২০ হতে শুরু হবে। কোর্সটি অনাবাসিক।

০২। বর্ণিত প্রশিক্ষণে ৪০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে। প্রত্যেক কর্মকর্তাকে দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা ভাতা ও দুপুরে খাবার দেওয়া হবে। শুধু নন-ক্যাডার সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিবগণ আবেদন করতে পারবেন।

০৩। এমতাবস্থায়, আগ্রহী কর্মকর্তাগণ আগামী ০৯ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় { দৃ.আ. যুগ্মসচিব (অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয় } বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।


(মো. আনোয়ারুল ইসলাম সরকার)
উপসচিব

আবেদন ফরম

বরাবর

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (অ.ও বৈ. প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।

বিষয়: ‘আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স’ মনোনয়নের আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, নন-ক্যাডার সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিবদের জন্য বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠেয় ‘আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স’ এ আমি অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম ও পরিচিতি নম্বর	:	
০২।	পদবি ও কর্মস্থল	:	
০৩।	জন্ম তারিখ	:	
০৪।	বয়স (০৯/০১/২০২০ তারিখে)	:	
০৫।	সহকারী সচিব পদে যোগদানের তারিখ	:	
০৬।	অবসর গ্রহণের তারিখ	:	
০৭।	ইতঃপূর্বে বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত যে সকল প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন তার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

০২। এমতাবস্থায়, আমাকে উল্লিখিত প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করছি।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ